



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jashoreboard.gov.bd](http://www.jashoreboard.gov.bd)

স্মারক নং বিঅ ৬/৬৭৬৮/৮৪৮

তারিখ : ২০/১২/২০২১

বিষয় : ম্যানেজিং কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে বহাল থাকা বা প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে অন্তর্ভুক্তি না হওয়া প্রসঙ্গে।

সূত্র : ১৭-১২-২০২০ তারিখের ড. এ.কে. এম আখতারগল কবীর, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট ঢাকা কর্তৃক রীট পিটিশন নং - ২৩২৬/২০১০ আইনী মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য সম্পর্কিত রীট পিটিশন ২৩২৬/২০১০তে মহামান্য আদালত তাহার গত ২৫/০৮/২০১১ খ্রি: তারিখের রায়ে উক্ত রীট পিটিশনের আবেদনকারী বা রীট পিটিশনার (জনাব এস. এম আমীর আলী শেখ) কে যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে আম্তুজ রাখতে হবে এমন ধরনের কোন নির্দেশনা দেন নাই (কেবলমাত্র ঐ সময়ের চলমান ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে কেহ অর্তভূক্ত না থাকলে তাকে অন্তর্ভুক্ত করার নির্দেশনা ছিল এবং যা পরবর্তী সময়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ঐ নির্দেশনা পরিপালন করা হয়েছিল)। কিন্তু সম্মতিক সময়ে উক্ত স্কুলের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য জনাব মোঃ আবাস খান কর্তৃক তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ এবং উপজেলা নির্বাহী অফিসার কালিয়া, নড়াইল কর্তৃক পরিচালিত তদন্ত কার্যক্রম সর্বপরি দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটিতে প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে জনাব এস এম আমীর আলীর নাম বাদ দেয়ার বিষয়ে ড. বিশ্বাস শাহিন আহমদ, বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক ইতোপূর্বে প্রধান শিক্ষক, যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয়, ঢাক-যোগানিয়া, উপজেলা- কালিয়া-জেলা- নড়াইল-কে প্রেরিতপ্রত (যাহার স্মারক নং- বিঅ- ৬/৬৫৬৩/১৪২২ তারিখ ২০-১০-২০১৯) আইনগত দিক দিয়ে যুক্তিযুক্ত ও সঠিক সিদ্ধান্ত মর্মে মতামত দিয়েছেন। বিষয়টি আপনাকে জানানো হল।

জনাব এস এম আমীর আলী শেখ (প্রাক্তন প্রতিষ্ঠাতা সদস্য)

যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয় (১১৮৩৬১)

ডাক: যোগানিয়া, উপজেলা: কালিয়া: জেলা: নড়াইল

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩০৮

তারিখ :

স্মারক নং বিঅ ৬/৫৭৯১/

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল : (জ্যোষ্ঠতার ভিত্তিতে নথি)

- ১। জেলা প্রশাসক, নড়াইল
- ২। জেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয়, ডাক: যোগানিয়া, উপজেলা: কালিয়া: জেলা: নড়াইল
- ৬। প্রধান শিক্ষক, যোগানিয়া ডি, এন, মাধ্যমিক বিদ্যালয়, ডাক: যোগানিয়া, উপজেলা: কালিয়া: জেলা: নড়াইল
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সংরক্ষণ নথি।

১০/০১/২০২২

বিদ্যালয় পরিদর্শক  
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

১০/০১/২০২২ যশোর  
 ১০/০১/২০২২